সংবাদ বিবৃতি

দেশের বিভিন্ন অঞ্চলে স্থাপিত চেকপোস্টে বিজিবি ও অন্যান্য আইন শৃঙ্খলা বাহিনীর তল্লাশীর নামে যৌন নির্যাতনের অভিযোগের তদন্ত এবং অর্পিত দায়িত্ব পালনে যথাযথ নীতিমালা/প্রটোকল অনুসরণের দাবি

[১৯ নভেম্বর ২০২০, ঢাকা] গত ০৮ অক্টোবর ২০২০ তারিখে কক্সবাজার জেলার টেকনাফে অবস্থিত বিজিবি চেকপোস্টে আইন সহায়তা ও মানবাধিকার সংস্থা ব্লাস্টের একজন নারী কর্মীর ওপর যৌন নির্যাতনের অভিযোগ উঠে। ইতোমধ্যে ব্লাস্ট উল্লিখিত যৌন নির্যাতনের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছে এবং সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে। পরবর্তী সময়ে গত ১১ নভেম্বর ২০২০ তারিখে বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত খবরের মাধ্যমে জানা যায় যে সেই আইন সহায়তা কর্মীর বিরুদ্ধে বিজিবি'র একজন কর্মকর্তা কক্সবাজারের একটি ফৌজদারি আদালতে মানহানির মামলা দায়ের করেছেন। এই মামলা দায়েরের ঘটনায় আমরা তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাই। আমরা মনে করি, অভিযোগের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ না করে এবং এই অভিযোগের সুষ্ঠু তদন্ত না করে উল্টো নির্যাতনের শিকার নারীর বিরুদ্ধে হয়রানিমূলক মামলা দেবার ঘটনা নিপীড়কদের প্রশ্রয় দেবার একটি ঘৃণ্য দৃষ্টান্ত।

আমরা দেখেছি যে আমাদের দেশে নারীদের প্রতি সহিংসতার যত ঘটনা ঘটে সে তুলনায় অভিযোগ করার হার আশাতীতভাবে কম। হয়রানি আশংকা থেকেই তারা অভিযোগ করতে আগ্রহী হন না। সেক্ষেত্রে ফৌজদারি আইনের অপব্যবহার করে নির্যাতনের শিকার নারীকে হয়রানি করা হলে নিঃসন্দেহে ভুক্তভোগীদের মাঝে আরো বেশি হারে আতঙ্ক তৈরি হবে এবং অভিযোগ দায়েরের ক্ষেত্রে তারা নিরুৎসাহিত হবেন।

মাদক ও চোরাচালান প্রতিরোধে দেশের সীমান্তবর্তী এলাকার বিভিন্ন স্থানে অবস্থিত চেকপোস্টসমূহে বিজিবিসহ আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে থাকেন। সন্দেহজনক ব্যক্তির শরীর ও সাথে থাকা লাগেজ নিয়ম মেনে তল্লাশীর মাধ্যমে মাদক ও চোরাচালানের সাথে সম্পৃক্ত ব্যক্তিকে দেশের প্রচলিত আইনে বিচারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা তাদের কর্তব্য। তবে, তল্লাশীর নামে যে কোন ব্যক্তি, মানবাধিকার কর্মী, বিশেষত একজন নারীর সাথে, অসদাচরণ মোটেই গ্রহণযোগ্য নয়। নাগরিকদের সাথে বিশেষত নারীদের সঙ্গে তাদের আচরণ কেমন হবে সে বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে বিজিবি এবং অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সর্বোচ্চ কর্তৃপক্ষসহ সরকারী মহলে নতুনভাবে আলোচিত হওয়ার দাবি রাখে বলে আমরা মনে করি। আমরা সুস্পষ্ট ভাষায় দাবি জানাতে চাই যে, এই তল্লাশী কার্যক্রম অবশ্যই শালীনতা বজায় রেখে সুনির্দিষ্ট নীতিমালা বা নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

আমরা উল্লিখিত ঘটনার একটি নিরপেক্ষ ও সুষ্ঠু, স্বতন্ত্র তদন্তসহ দ্রুত বিচার নিশ্চিতের দাবি জানাই। এছাড়া অবিলম্বে চেকপোস্টে বিজিবি ও অন্যান্য আইন শৃঙ্খলা বাহিনীর তল্লাশীর ক্ষেত্রে যথাযথ নীতিমালা/নির্দেশনা প্রণয়ন এবং চেকপোস্টে তল্লাশীর বিষয়ে অভিযোগ দায়েরের প্রাতিষ্ঠানিক সুব্যবস্থা প্রবর্তনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সরকারের সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানাই।

একজন নারী যখন তার সুরক্ষা ও নিপীড়ণের বিষয়ে উদ্বিগ্ন ও হয়রানীর শিকার তখন তার চরিত্র সম্পর্কে নেতিবাচক প্রশ্ন তোলা বা তার বিরুদ্ধে হয়রানিমূলক মানহানির মামলা করা কিংবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ভয় দেখানো কোনভাবেই কাম্য তো নয়ই বরং তা জঘন্য অপরাধ এই কথাটি সকলকে উপলব্ধি করতে হবে। রাষ্ট্র তার কর্মকর্তা-কর্মচারীদের এই উপলব্ধি থেকে যথাযথ আচরণে উদ্বুদ্ধ করবে এটাই তাদের দায়িত্ব।

নারীর প্রতি সহিংসতা নিরসনে সরকারের সর্বোচ্চ পর্যায়ের প্রতিশ্রুতি, উদ্যোগ এবং সহিংসতামুক্ত জীবন-যাপন ও সাংবিধানিক অধিকার বাস্তবায়নে বিজিবিসহ অন্যান্য আইন শৃঙ্খলা বাহিনীর ভূমিকা কর্তব্যপরায়ন ও দায়িত্বশীল হবে- এটাই সকলের মতো আমাদেরও প্রত্যাশা। আর এই প্রত্যাশা পূরণে শুধু আশ্বাসই যথেষ্ট নয়, বাস্তবে এই ধরণের ঘটনার সুষ্ঠু তদন্ত ও অপরাধীকে শনাক্ত করে তার দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করে সে আশ্বাসকে বাস্তবে কার্যকর করতে হবে- এটাই আমাদের দাবি।

Secretariat:
Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045
Email: ask@citechco.net web: www.askbd.org
Forum Members:
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).